

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ২০২১-২২ সেশনের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় বিজ্ঞান ও ব্যবসায় প্রশাসন অনুষদের ফল প্রকাশ হয়েছে। সি ইউনিট (ব্যবসায় প্রশাসন) থেকে পাস করেছে ২ হাজার ২৬৪ জন শিক্ষার্থী। পরীক্ষায় অংশ নিয়েছিল ৯ হাজার ২২২ জন। অনুপস্থিত ছিল ১ হাজার ৮৩৭ জন। এ ইউনিটে (বিজ্ঞান) পাস করেছে ১৩ হাজার ৫৬৯ জন। ফেল করেছে ১৯ হাজার ৫৮০ শিক্ষার্থী।

সি ইউনিটের ফল গতকাল শনিবার দুপুরে এবং এ ইউনিটের (বিজ্ঞান) ফল বিকাল সাড়ে ৪টায় প্রকাশ করে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ফল প্রকাশ হয়েছে বলে জানান ‘এ’ ইউনিট ভর্তি কমিটির কো-অর্ডিনেটর ও জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. তোহিদ

advertisement

হোসেন।

ব্যবসায় অনুষদের ডিন ও ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষার প্রধান সমন্বয়ক অধ্যাপক ড. মো. হেলাল উদ্দিন নিজামী বলেন, গত শুক্রবার রাতেই ফল প্রস্তুত হয়েছে। আইসিটি সেল দুপুর ১২টার দিকে ওয়েবসাইটে প্রকাশ করে।

2  
Shares